

সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৭৫৯ [আন্তর্জাতিক নম্বরঃ ৩৯৩]

৪/ কিতাবুস স্বলাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১০. সালাতের মধ্যে প্রত্যেক নিচু এবং উঁচু হবার সময় الله اكبر বলা, তবে রুকু থেকে উঠার সময় বলবে
سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ

بابُ اثْبَاتِ التَّكْبِيرِ فِي كُلِّ خَفْضٍ وَرَفْعٍ فِي الصَّلَاةِ إِلَّا رَفْعَهُ مِنَ الرُّكُوعِ فَيَقُولُ فِيهِ سَمِعَ
اللَّهُ لِمَنْ حَمِدَهُ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ يَحْيَى، وَخَلْفُ بْنُ هِشَامٍ، جَمِيعًا عَنْ حَمَّادٍ، - قَالَ يَحْيَى أَخْبَرَنَا حَمَّادُ
بْنُ زَيْدٍ، - عَنْ غِيلَانَ، عَنْ مُطَرِّفٍ، قَالَ صَلَّيْتُ أَنَا وَعِمْرَانُ بْنُ حُصَيْنٍ، خَلْفَ عَلِيِّ بْنِ
أَبِي طَالِبٍ فَكَانَ إِذَا سَجَدَ كَبَّرَ وَإِذَا رَفَعَ رَأْسَهُ كَبَّرَ وَإِذَا نَهَضَ مِنَ الرُّكْعَتَيْنِ كَبَّرَ فَلَمَّا
انْصَرَفْنَا مِنَ الصَّلَاةِ - قَالَ - أَخَذَ عِمْرَانُ بِيَدِي ثُمَّ قَالَ لَقَدْ صَلَّيْنَا بِنَا هَذَا صَلَاةَ مُحَمَّدٍ
صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ . أَوْ قَالَ قَدْ ذَكَّرَنِي هَذَا صَلَاةَ مُحَمَّدٍ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ .

বাংলা

৭৫৯। ইয়াহইয়া ইবনু ইয়াহইয়া ও খালাফ ইবনু হিশাম (রহঃ) ... মুতাররিফ (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন,
আমি এবং ইমরান ইবনু হুসায়ন (রাঃ) আলী আবু তালিব (রাঃ) এর পেছনে সালাত (নামায/নামাজ) আদায়
করেছি। তিনি যখন সিজদায় গেলেন তখন তাকবীর বললেন। আর যখন (সিজদা থেকে) মাথা তুললেন তখন
তাকবীর বললেন। আর যখন দু'রাকআতের পর দাঁড়ালেন তখন তাকবীর বললেন। অতঃপর আমরা যখন সালাত
শেষ করলাম তখন ইমরান (রাঃ) আমার হাত ধরে বললেন, ইনি আমাদের কে নিয়ে ঠিক মুহাম্মাদ সাল্লাল্লাহু
আলাইহি ওয়াসাল্লাম এর সালাত আদায় করেছেন। অথবা তিনি বলেন, ইনি আমাকে মুহাম্মাদ সাল্লাল্লাহু
আলাইহি ওয়াসাল্লাম এর সালাতের কথা স্মরণ করিয়ে দিয়েছেন।

English

Mutarriif reported:

I and 'Imran b. Husain said prayer behind 'Ali b. Abu, Talib. He recited takbir when he prostrated, and he recited takbir when he raised his head and he recited takbir while rising up (from the sitting position at the end of two

rak'ahs). When we had finished our prayer, 'Imran caught hold of my hand and said: He (Hadrat Ali) has led prayer like Muhammad (ﷺ) or he said: He in fact recalled to my mind the prayer of Muhammad (may peace be upon him.)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ মুতাররিফ ইবনু আবদুল্লাহ্ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=8548>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন